দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 20 MAY 2016 ...
পৃষ্ঠা ...১১... কলাম ...১... ......

# ক্ষোভে ফুঁসছে শিক্ষক সমাজ

**জনকণ্ঠ ডেস্ক ॥** নারায়ণগঞ্জে স্কুলশিক্ষককে নির্যাতনের প্রতিবাদে ক্ষোভে ফুঁসছে শিক্ষক সমাজ। এ ঘটনার প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। এতে বক্তারা দোষীদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। খবর স্টাফ রিপোর্টার ও নিজস্ব সংবাদদাতাদের।

**বরিশাল ॥** নারায়ণগঞ্জের স্কুলশিক্ষক শ্যামল কান্তি ভক্তকে মারধরের পর কান ধরে ওঠবস করানোর প্রতিবাদে ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বৃহস্পতিবার সকালে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে এবং জেলার আগৈলঝাড়া ও গৌরনদী উপজেলা শিক্ষক সমিতির আয়োজনে পৃথকভাবে কান ধরে ব্যতিক্রমী মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, সাধারণ সম্পাদক মোঃ সাখাওয়াত হোসেন, সহসভাপতি জ্যোর্তিময় বিশ্বাস বিশ্ববিদ্যালয়ের কর্মসূচীতে উপস্থিত ছিলেন। এছাড়া বাংলাদেশ শিক্ষক সমিতি আগৈলঝাড়া উপজেলা শাখার উদ্যোগে উপজেলা সদর রোডে ঘণ্টাব্যাপী মানববন্ধন চলাকালীন সমিতির সভাপতি সুনীল কুমার বাড়ৈ, শহীদ আব্দুর রব সেরনিয়াবাত ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এসএম হেমায়েত উদ্দিন, সমিতির সহসভাপতি যতীন্দ্র নাথ মিস্ত্রীসহ শতাধিক শিক্ষক কান ধরে ব্যতিক্রমধর্মী প্রতিবাদ করেন। একই সময় গৌরনদী উপজেলা পরিষদ চত্বরে বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেন। অধ্যক্ষ মীর আব্দুল আহসানের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন প্রধান শিক্ষক মফিজুর রহমান খান, স্বপন কুমার মণ্ডল প্রমুখ।

**রাবি ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) মানববন্ধন করেছেন শিক্ষকরা। বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে অনুষ্ঠিত এ মানববন্ধন থেকে শিক্ষক লাঞ্ছনায় জড়িত ব্যক্তিদের শাস্তির দাবি জানানো হয়।

রাবি শিক্ষক সমিতি আয়োজিত মানববন্ধনে সংগঠনটির সভাপতি অধ্যাপক ড. মোঃ শহীদুল্লাহ্ বলেন, এদেশে সকল শিক্ষকের সম্মান একই সূত্রে গাঁথা। আমাদের এই সম্মানটুকুর ওপর যখন আঘাত আসে তখন আমরা মেনে নিতে পারি না। একজন প্রবীণ শিক্ষককে যেভাবে অপদস্থ করা হয়েছে তা আমাদের অত্যন্ত মর্মাহত করেছে। যারা শিক্ষককে এভাবে অপমান করেছে তাদের উপযুক্ত শাস্তি দেয়ার দাবি জানাচ্ছি।

**দিনাজপুর ॥** দোষীদের শাস্তির দাবিতে মানববন্ধন কর্মসূচী পালন করেছে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের কর্মসূচীর অংশ হিসেবে বৃহস্পতিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের সম্মুখে দিনাজপুর-ঢাকা মহাসড়কে এ মানববন্ধন কর্মসূচী পালন করেন শিক্ষকবৃন্দ। এ সময় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির আহ্বায়ক মোঃ মিজানুর রহমান, কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ আনিস খান, বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. বলরাম রায়, শিক্ষক সমিতির সদস্য সচিব প্রফেসর শফিকুল ইসলাম প্রমুখ।

**জাবি ॥** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদ ও বিক্ষোভ কর্মসূচী পালিত হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পৃথক মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও সনাতন বিদ্যার্থী সংসদ। বৃহস্পতিবার সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে মানববন্ধন ও কালো ব্যাজ ধারণ কর্মসূচী পালন করেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। এদিকে শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে একই স্থানে সকাল সাড়ে ১০টায় মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করে সনাতন বিদ্যার্থী সংসদ।

শিক্ষক সমিতির মানববন্ধনে শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য শিক্ষক নেতারা বক্তব্য রাখেন। অন্যদিকে সনাতন বিদ্যার্থী সংসদের মানববন্ধনে শিক্ষার্থীরা প্রতীকী কান ধরে মানববন্ধনে অংশগ্রহণ করেন।

**নেত্রকোনা ॥** সেলিম ওসমানসহ জড়িতদের গ্রেফতারের দাবিতে বৃহস্পতিবার দুপুরে নেত্রকোনা শহরের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনের সড়কে মানববন্ধন হয়েছে। স্বেচ্ছাসেবী সংগঠন জনউদ্যোগ ও আইইডি আয়োজিত এ মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন– উদীচীর সভাপতি মোজাম্মেল হক বাচ্চু, সাবেক সভাপতি মোস্তাফিজুর রহমান খান, সদর উপজেলা শিক্ষক সমিতির সভাপতি লুৎফুল হায়দার ফকির, সাধারণ সম্পাদক আজাহারুল হক তুহিন, আনোয়ারুল ইসলাম খান, রতন কুমার দাস, সালাউদ্দিন খান রুবেল এবং জনউদ্যোগ ফেলো শ্যামলেন্দু পাল প্রমুখ।

**ঠাকুরগাঁও ॥** বৃহস্পতিবার ঠাকুরগাঁওয়ে প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ শিক্ষক সমিতি সদর উপজেলা শাখা।

সকালে শহরের চৌরাস্তা মোড়ে ঘণ্টাপী অনুষ্ঠিত এ কর্মসূচীতে জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকগণ অংশ নেন। বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আব্দুল হকের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন– কমিটির সহসভাপতি সামসুল হক, সাধারণ সম্পাদক দীপেন্দ্র নাথ ঝাঁ, সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম লিটন, সহসভাপতি নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক স্বপন কুমার সরকার প্রমুখ।

**নীলফামারী ॥** দোষীদের শাস্তির দাবিতে নীলফামারীতে মানববন্ধন করেছে বিভিন্ন

## নারায়ণগঞ্জে শিক্ষক লাঞ্ছিত, প্রতিবাদে মানববন্ধন

শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা। বৃহস্পতিবার বেলা ১১টার দিকে শিক্ষক সমাজের ব্যানারে শহরের চৌরঙ্গী মোড়ে অনুষ্ঠিত ঘণ্টাব্যাপী মানববন্ধনে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের তিন শতাধিক শিক্ষক অংশগ্রহণ করেন।

এ সময় শিক্ষক সমাজের মানববন্ধন কর্মসূচীতে একাত্মতা প্রকাশ করে অংশগ্রহণ করেন জেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র দেওয়ান কামাল আহমেদ, জেলা সিপিবির সভাপতি শ্রীদাম দাস, সম্মিলিত সাংস্কৃতিক জোটের আহ্বায়ক আহসান রহিম মঞ্জিম ও জেলা যুবলীগের সাধারণ সম্পাদক স্যাহিদ মাহমুদ।

**রংপুর ॥** বিচারের দাবিতে মানববন্ধন ও সমাবেশ করেছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। বৃহস্পতিবার বেলা ১১টা থেকে ঘণ্টাব্যাপী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তারা মানববন্ধন করে।

**খুলনা ॥** দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) শিক্ষক সমিতি এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) শিক্ষক সমিতি এবং সম্মিলিত নাগরিক সমিতির পৃথক উদ্যোগে মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। বেলা ১১টায় খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে খুবি শিক্ষক সমিতি আয়োজিত মানববন্ধন সমাবেশে সভাপতিত্ব করেন সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর ড. সরদার সফিকুল ইসলাম। বক্তব্য রাখেন– সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ সারওয়ার জাহান, প্রফেসর ড. আশীষ কুমার দাস প্রমুখ।

কুয়েট ক্যাম্পাসের মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র সম্মুখে কুয়েট শিক্ষক সমিতি আয়োজিত মানববন্ধনে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

**কলাপাড়া ॥** জড়িতদের শাস্তির দাবিতে মানববন্ধন, প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। কলাপাড়া উপজেলা শিক্ষক সমিতির উদ্যোগে বৃহস্পতিবার সকাল ১০টায় কলাপাড়া প্রেসক্লাবের সামনে মানববন্ধন ও সমাবেশে সভাপতিত্ব করেন উপজেলা শিক্ষক সমিতির সভাপতি ও খেপুপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহদাত হোসেন বিশ্বাস।

**সিলেট ॥** সেলিম ওসমানের উপস্থিতিতে কান ধরে উঠ-বস করানোর ঘটনার প্রতিবাদে মানববন্ধন করেছে সিলেট সরকারী টিচার্স ট্রেনিং কলেজের শিক্ষক-প্রশিক্ষণার্থীরা। বৃহস্পতিবার নগরীর শাহী ঈদগাহ সরকারী টিচার্স ট্রেনিং কলেজসংলগ্ন সড়কে শিক্ষক আলমগীর সরকারের সভাপতিত্বে ও বিএড প্রশিক্ষণার্থী প্রমথেশ দত্তের পরিচালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন– চরিত্রবান সমাজপতি, বিচিত্র কুমার সিংহ, নুহেল আহমদ চৌধুরী, সুবল বিশ্বাস, জামাল মিয়া, আরমান আলী, বেলাল হোসেন, জান্নাতুল ফেরদৌস, রাসেল আহমদ দিপু, আনোয়ার আলী, ফেরদৌসী বেগম, বিলকিস বেগম, গোলাপ মিয়া, ধীরেন্দ্র কুমার সিংহ, বিকাশ ভট্টাচার্য, মুক্তা বেগম প্রমুখ।

সিকৃবির শিক্ষকবৃন্দ মানববন্ধন থেকে এ ঘটনার তীব্র প্রতিবাদ ও দোষীদের বিচার দাবি করেছেন। বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

**চট্টগ্রাম ॥** বৃহস্পতিবার নগরী ও জেলার বিভিন্ন স্থানে মানববন্ধনসহ প্রতিবাদ কর্মসূচী পালন করেছেন শিক্ষকরা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ব্যানারে আয়োজিত মানববন্ধন কর্মসূচীতে 'ওসমান পরিবার'কে নির্লজ্জ আখ্যায়িত করে এ ঘটনার সুষ্ঠু বিচার দাবি করেন নেতৃবৃন্দ।

শিক্ষক লাঞ্ছনার ঘটনায় ওসমান পরিবারকে 'নির্লজ্জ ও বেহায়া' বলে আখ্যা দিয়েছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শিক্ষক সমিতির নেতারা। বৃহস্পতিবার চবি ব্যবসায় প্রশাসন অনুষদ ভবনের সামনে আয়োজিত মানববন্ধনে নারায়ণগঞ্জে শিক্ষক লাঞ্ছনার ঘটনায় সুষ্ঠু বিচারের দাবিও জানান তারা।

চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এএফএম আওরঙ্গজেবের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ড. সুকান্ত ভট্টাচার্যের সঞ্চালনায় বক্তব্য রাখেন– শিক্ষক সমিতির প্রাক্তন সভাপতি প্রফেসর ড. বেনু কুমার দে, প্রাক্তন সাধারণ সম্পাদক এসএম নসরুল কাদির, প্রফেসর ওমর ফারুক, আব্দুর রউফ, এমএ গফুর, শাহ আলম, ড. শাহাদাত হোসেন, রেজাউল করিম, ড. মাহবুবুর রহমান ও বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের শিক্ষার্থী মামুনুল হক প্রমুখ।

**বাংলাদেশ শিক্ষক সমিতি ॥** বৃহস্পতিবার বিকেলে নগরীর আন্দরকিল্লায় মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ শিক্ষক সমিতি চট্টগ্রাম আঞ্চলিক শাখা। বক্তারা সেলিম ওসমানের সংসদ সদস্য পদ বাতিলের পাশাপাশি তাকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানান। তারা বলেন, সেলিম ওসমানসহ জড়িত অন্যদের প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে। বাশিস চট্টগ্রাম আঞ্চলিক শাখার সভাপতি সৈয়দ লকিতুল্লাহর সভাপতিত্বে উপস্থিত ছিলেন চট্টগ্রাম আঞ্চলিক শাখার প্রধান উপদেষ্টা ও প্রধান অতিথি সুনিল চক্রবর্তী।